**১৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট (শিক্ষা)**
**সেট নম্বর: ১; সময়: ১ ঘণ্টা; পূর্ণমান: ১০০**
**পরীক্ষার সাল : ১৯৯৪ খ্রি.**

# English

1. Which of the following sentences is correct?
(A) I forbade him from going
(B) I forbade him to go
(C) I forbad him going
(D) I forbad him not to go
ব্যাখ্যা : Forbid শব্দটির পর নতুন করে verb ব্যবহৃত হলে নতুন verb টিকে to + verb word আকারে লিখতে হয়। সে কারণে প্রাথমিক ভাবে 'খ' ও 'ঘ' কে নেয়া যায় । কিন্তু forbid শব্দটির অর্থ মানা করা, নিষেধ করা। কাজেই এর সাথে not শব্দটির নিষ্প্রয়োজন । কেননা এটি নিজেই না বোধক শব্দ।
Ans- (A) I forbade him from going

2. Which of the following is a correct proverb?
(A) Fools rush in where angels fear to tread
(B) Fools rush in where an angel fears to tread
(C) A fool rushes in where an angle fears to tread
(D) Fools rush in where the angels fear to tread
ব্যাখ্যা : সঠিক উত্তর 'ক'। কারণ সমান্তরাল করণ (parallelsim) অনুযায়ী উভয় পার্শ্বে Plural Noun (fools ও angels) ব্যবহার করা হয়েছে।
Ans- (A) Fools rush in where angels fear to tread

3. Which of the following sentences is correct?
(A) Why you do this?
(B) Why did you have done this?
(C) Why have you done this?
(D) Why you had done this?
ব্যাখ্যা : আমরা জানি, প্রশ্নবোধক বাক্যে (Interrogative) প্রথমে auxiliary । অতঃপর sub এবং অতঃপর মূল verb বসে । সে অনুযায়ী সঠিক গঠন রয়েছে 'গ' তে । সুতরাং সঠিক উত্তর 'গ'।
Ans- (C) Why have you done this?

4. Which of the following sentences is correct?
(A) The shirt which he bought is blue colour
(B) The shirt that which he bought is blue in colour
(C) Which shirt he bought is blue in colour
(D) The shirt which he bought is blue in colour
ব্যাখ্যা : এখানে সঠিক উত্তর 'ঘ'। কেননা the shirt এখানে Relative pronoun (which) টির antecedent পূর্বক । কিন্তু যদি পূর্বক হিসাবে That shirt ব্যবহার করা হয় তবে উহার পরে Which ব্যবহার করা যায় না। বরং That ব্যবহার করা আবশ্যক হয়ে পড়ে। কারণ who, which, that, whom প্রভৃতি দ্বারা শুরু

হওয়া শব্দগুচ্ছের পরে Relative pronoun ব্যবহার করতে চাইলে শুধুমাত্র That ব্যবহার করা যায়। সে কারণে ‘ক’ ও ‘গ’ কে সহজেই বর্জন করা যায়। আবার ‘খ’ তে পাশাপাশি that ও which থাকায় এটিও গ্রহণযোগ্য নয়।

Ans- (D) The shirt which he bought is blue in colour

5. The correct passive of Sheila was writing a letter is-
(A) A letter was writing by Sheila
(B) A letter was being writing by Sheila
(C) A letter was being written by Sheila
(D) A letter was been written by Shelia
ব্যাখ্যা : এটি Past continuous tense বলে এর Passive রূপ হবে sub(obj). + was + being + V. (p.p) + by + obj (sub). সে অনুযায়ী সঠিক রূপটি রয়েছে ‘গ’ তে । তাই সঠিক উত্তর ‘গ’।
Ans- (C) A letter was being written by Sheila

৬. কোন গ্রন্থটি ঢাকা হতে প্রথম প্রকাশিত হয়েছিল?
(ক) মেঘনাদবধ কাব্য
(খ) দুর্গেশনন্দিনী
(গ) নীলদর্পণ
(ঘ) অগ্নিবীণা
ব্যাখ্যা : ঢাকা থেকে প্রথম প্রকাশিত গ্রন্থ হলো- ‘নীলদর্পণ’-এটি ১৯৬০ সালে প্রকাশিত হয়। দীনবন্ধু মিত্র ছদ্মনামে এটি রচনা করেন। এতে কেবল প্রকাশক হিসবে পাদ্রী লঙ সাহেবের নাম উল্লেখ ছিল। এই নাটকের মূল উপজীব্য হচ্ছে ইংরেজ নীলকরদের অত্যাচারে অতিষ্ট কৃষক জীবনের দুঃখ-কষ্ট।
উত্তর- (গ) নীলদর্পণ

10 MINUTE SCHOOL

৭. ‘পথিক তুমি কি পথ হারাইয়াছ?’ কথাটি কার?
(ক) রবীন্দ্রনাথ ঠাকুর
(খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
(গ) মীর মশাররফ হোসেন
(ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
ব্যাখ্যা : উক্তিটি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের কপাল কুণ্ডলা উপন্যাসের উদ্‌ধৃতি নায়িকা কপাল কুণ্ডলা নায়ক নবকুমারকে উদ্দেশ্য করে এ উক্তি করেন।
উত্তর- (খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

৮. প্রত্যয়গতভাবে শুদ্ধ কোনটি?
(ক) উৎকর্ষতা
(খ) উৎকর্ষ
(গ) উৎকৃষ্ট
(ঘ) উৎকৃষ্টতা
উত্তর- (গ) উৎকৃষ্ট

৯. ‘অচিন’ শব্দের ‘অ’ উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত?
(ক) নেতিবাচক
(খ) বিয়োগান্তক

(গ) নঞর্থক
(ঘ) অজানা
উত্তর- (গ) নঞর্থক

১০. বাংলায় ইউরোপীয় বণিকদের মধ্যে কারা প্রথম এসেছিল?
(ক) ইংরেজরা
(খ) ফরাসিরা
(গ) ওলন্দাজরা
(ঘ) পর্তুগীজরা
ব্যাখ্যা : ইউরোপীয় বণিকদের মধ্যে সর্বপ্রথম ১৫১০ সালে পর্তুগিজরা বাংলায় আসেন। পক্ষান্তরে ১৬০২ সালে ওলন্দাজরা, ১৬০০ সালে ইংরেজরা এবং ১৬৬৪ সালে ফরাসিরা বাংলায় আসেন।
উত্তর- (ঘ) পর্তুগীজরা

১১. জিয়া সার কারখানায় উৎপাদিত সারের নাম কি?
(ক) অ্যামোনিয়া
(খ) সুপার ফসফেট
(গ) টিএসপি
(ঘ) ইউরিয়া
ব্যাখ্যা : জিয়া সারকারখানা ব্রাহ্মণবাড়িয়া জেলায় আশুগঞ্জে অবস্থিত। এখানে উৎপাদিত সারের নাম হচ্ছে ইউরিয়া-যার কাঁচামাল মিথেন গ্যাস।
উত্তর- (ঘ) ইউরিয়া

10 MINUTE SCHOOL

১২. 'সব কটি জানালা খুলে দাও না'-এর গীতিকার কে?
(ক) মরহুম আলতাফ মাহমুদ
(খ) মরহুম নজরুল ইসলাম বাবু
(গ) ড. মনিরুজ্জামান
(ঘ) মরহুম ড. আবু হেনা মোস্তাফা কামাল
উত্তর- (খ) মরহুম নজরুল ইসলাম বাবু

১৩. বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার কে?
(ক) জয়নুল আবেদীন
(খ) কামরুল হাসান
(গ) হাসেম খান
(ঘ) হামিদুর রহমান
উত্তর- (খ) কামরুল হাসান

১৪. বাংলাদেশে রাষ্ট্রপতি শাসিত সরকারের পরিবর্তে সংসদীয় শাসন ব্যবস্থা চালু হয় সংবিধানের কত নম্বর সংশোধনীর মাধ্যমে?
(ক) ১০
(খ) ১১
(গ) ১২
(ঘ) ১৩

ব্যাখ্যা : বাংলাদেশ সংবিধানের ১২ তম সংশোধনীর বিষয়বস্তু হচ্ছে সংসদীয় শাসন ব্যবস্থা। এটি সংসদে গৃহীত হয় ৬ আগস্ট, ১৯৯১ এবং রাষ্ট্রপতি কর্তৃক অনুমোদন লাভ করে ১৮ সেপ্টেম্বর ১৯৯১। বাংলাদেশ সংবিধানে এ পর্যন্ত ১৬টি সংশোধনী আনা হয়।
উত্তর- (গ) ১২

১৫. Asia Pacific Economic Co-operation (APEC) ফোরামের নভেম্বর, ১৯৯৩-এ অনুষ্ঠিত শীর্ষ বৈঠকে কোন সদস্য দেশের সরকারপ্রধান অনুপস্থিত ছিলেন?
(ক) মালয়েশিয়া
(খ) ফিলিপাইন
(গ) অস্ট্রেলিয়া
(ঘ) জাপান
নোট: APEC এর পূর্ণরূপ Asia Pacific Economic Co-operation । ১৯৯৩ সালে সম্মেলন অনুষ্ঠিত হয় যুক্তরাষ্ট্রের সিয়াটলে । জাপান এ সম্মেলনে অনুপস্থিত থাকে । ২৬তম সম্মেলন ১৮ নভেম্বর ২০১৮, পাপুয়ানিউগিনিতে অনুষ্ঠিত হয়। ২৭তম সম্মেলন ২০১৯ সালে চিলিতে অনুষ্ঠিত হবে।
উত্তর- (ঘ) জাপান

১৬. গিরিজা প্রসাদ কৈরালা কত তারিখে নেপালের প্রধানমন্ত্রী হিসেবে পদত্যাগ করেন?
(ক) ৮ জুলাই, ১৯৯৪
(খ) ৯ জুলাই, ১৯৯৪
(গ) ১০ জুলাই, ১৯৯৪
(ঘ) ১১ জুলাই, ১৯৯৪
ব্যাখ্যা : গিরিজা প্রসাদ কৈরালা নেপালী কংগ্রেস পার্টির (NCP) প্রধানমন্ত্রী ছিলেন ১৯৯১ সালে অভ্যন্তরীণ কোন্দল শুরু হয় এবং ১৯৯৪ সালে ১০ জুলাই দলের সিনিয়র নেতা গণেস মনসিং তার অনুসারীদের সহ কৈরালার উপর থেকে সমর্থন প্রত্যাহার করে নেয়। ফলে তাকে পদত্যাগ করতে বাধ্য হয়।
উত্তর- (গ) ১০ জুলাই, ১৯৯৪

১৭. Hubble Telescope-এর ত্রুটি সংশোধনের জন্য নভোচারিগণকে মহাশূন্যে কোন নভোযানে প্রেরণ করা হয়েছিল?
(ক) Endeavour
(খ) Challanger
(গ) Pathfinder
(ঘ) Apollo
উত্তর- (ক) Endeavour

১৮. রুয়ান্ডায় প্যাট্রিয়টিক ফ্রন্ট সরকার কবে শপথ গ্রহণ করেন?
(ক) ৮ জুলাই, ১৯৯৪
(খ) ১৯ জুলাই, ১৯৯৪
(গ) ২৪ জুলাই, ১৯৯৪
(ঘ) ২৭ জুলাই, ১৯৯৪

ব্যাখ্যা : রুয়ান্ডার হুতু ও টুটসী সম্প্রদায়ের বিরোধ ১৯৯৪ সালে চরমে ওঠে। এপ্রিল হতে জুলাই এর মধ্যে ৫ লক্ষ রুয়ান্ডার অধিবাসী নিহত হন। ১৯ জুলাই হুতুনেতা প্যাস্তুইর বিজিমুংগু রাজধানী দখল করে পরবর্তী ৫ বছরের জন্য নিজেকে প্রেসিডেন্ট হিসেবে ঘোষণা দেন।

10 MINUTE SCHOOL

[নোট- রুয়ান্ডার বর্তমান প্রেসিডেন্ট পল কাগামি (২২ এপ্রিল ২০০০) ও প্রধানমন্ত্রী অ্যানাসতাসি মরিকিজি (১৪ জুলাই ২০১৪)।]
উত্তর- (খ) ১৯ জুলাই, ১৯৯৪

১৯. পিএলও চেয়ারম্যান ইয়াসির আরাফাত তিউনিসিয়ার নির্বাসিত জীবন ছেড়ে স্থায়ীভাবে বসবাসের উদ্দেশ্যে কবে গাজা ভূখণ্ডে আসেন?
(ক) ১১ জুলাই, ১৯৯৪
(খ) ১২ জুলাই, ১৯৯৪
(গ) ১৩ জুলাই, ১৯৯৪
(ঘ) ১ জুলাই, ১৯৯৪
ব্যাখ্যা : কায়রো চুক্তি অনুসারে ১৭ মে ১৯৯৪ সালে পিএলও পশ্চিম তীর ও গাজা এলাকার নিয়ন্ত্রণ পান। ১ জুলাই ইয়াসির আরাফাত গাজা ভূখণ্ডে ফিরে আসেন। ২০ জানুয়ারি ১৯৯৬
নির্বাচনে তিনি ৮৮.১% ভোট পেয়ে প্রেসিডেন্ট নির্বাচিত হন। ১১ নভেম্বর ২০০৪ সালে প্যারিসের পার্সি মিলিটারি ট্রেনিং হাসপাতালে মৃত্যুবরণ করেন।

উত্তর- (ঘ) ১ জুলাই, ১৯৯৪

২০. উপকূলে কোন একটি স্থানে পরপর দুটি জোয়ারের মধ্যে ব্যবধান হলো-
(ক) প্রায় ১২ ঘণ্টা
(খ) প্রায় ২৪ ঘণ্টা
(গ) প্রায় ৬ ঘণ্টা
(ঘ) চাঁদের তিথি অনুসারে ভিন্ন
ব্যাখ্যা : উপকূলে জোয়ার ভাটা পর্যায়ক্রমে হয়। জোয়ার ও ভাটার স্থায়িত্ব কাল ৬ ঘণ্টা করে। তাই পর পর দুটি জোয়ারের মধ্যে সময়ের ব্যবধান (৬ + ৬) = ১২ ঘণ্টা।
উত্তর- (ক) প্রায় ১২ ঘণ্টা

10 MINUTE SCHOOL

২১. নাড়ীর স্পন্দন প্রবাহিত হয়-
(ক) ধমনীর ভেতর দিয়ে
(খ) শিরার ভেতর দিয়ে
(গ) স্নায়ুর ভেতর দিয়ে
(ঘ) ল্যাকটিয়ালের ভেতর দিয়ে
ব্যাখ্যা : ধমনী হচ্ছে ঐ সকল রক্তবাহী নালী যার উৎপত্তি হৃদপিণ্ডে এবং গন্তব্য সমস্ত দেহে । ধমনীর মধ্য দিয়ে অক্সিজেন সমৃদ্ধ রক্ত দেহে পৌছে দেয়াকে নাড়ির স্পন্দন বলে।
উত্তর- (ক) ধমনীর ভেতর দিয়ে

২২. চাঁদে কোন শব্দ করলে তা শোনা যাবে না কেন?
(ক) চাঁদে কোন জীব নেই তাই
(খ) চাঁদে কোন পানি নেই তাই
(গ) চাঁদে বায়ুমণ্ডল নেই তাই
(ঘ) চাঁদের মাধ্যাকর্ষণজনিত ত্বরণ পৃথিবীর মাধ্যাকর্ষণজনিত ত্বরণ অপেক্ষা কম তাই
ব্যাখ্যা : আমরা জানি শব্দ মাধ্যম ছাড়া চলতে পারে না। পৃথিবী এবং চাঁদ-এর মধ্যবর্তী অঞ্চলে কোন মাধ্যম না থাকায় চাঁদে সৃষ্ট শব্দ পৃথিবীতে শোনা যাবে না।
উত্তর- (গ) চাঁদে বায়ুমণ্ডল নেই তাই

২৩. বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত -
(ক) ৩
(খ) ২২/৭
(গ) ২৫/৯
(ঘ) প্রায় ৫
উত্তর- (খ) ২২/৭

২৪. রঙিন টেলিভিশন হতে ক্ষতিকর কোন রশ্মি বের হয়?
(ক) মৃদু রঞ্জন রশ্মি
(খ) গামা রশ্মি
(গ) বিটা রশ্মি
(ঘ) কসমিক রশ্মি
উত্তর- (খ) গামা রশ্মি

২৫. যা চিরস্থায়ী নয় )
(ক) অস্থায়ী
(খ) ক্ষণিক
(গ) ক্ষণস্থায়ী
(ঘ) নশ্বর
ব্যাখ্যা : যা স্থায়ী নয়-অস্থায়ী, ক্ষণকাল ব্যপীয়া স্থায়ী-ক্ষণস্থায়ী এবং যা চিরস্থায়ী নয়- নশ্বর। সুতরাং নশ্বর-ই সঠিক উত্তর।
উত্তর- (ঘ) নশ্বর

২৬. Intellectual শব্দের বাংলা অর্থ-
(ক) বুদ্ধিমান
(খ) মননশীল
(গ) বুদ্ধিজীবী
(ঘ) মেধাবী
ব্যাখ্যা : বুদ্ধিমানের ইংরেজি অর্থ intelligent. বুদ্ধিজীবী এর ইংরেজি intellectual. মননশীল এর ইংরেজি হলো intelligent living wit. মেধাবী এর ইংরেজি- talented.
উত্তর- (গ) বুদ্ধিজীবী

২৭. কোন নগরীতে মুঘল আমলে সুবে বাংলার রাজধানী ছিল?
(ক) গৌড়
(খ) সোনারগাঁ
(গ) ঢাকা
(ঘ) হুগলী
নোট : মুঘল সম্রাট জাহাঙ্গীরের আমলে সুবেদার ইসলাম খা ১৬১০ সালে বাংলার রাজধানী বিহারের রাজমহল থেকে ঢাকার সোনারগাঁও-এ স্থানান্তর করেন।
উত্তর- (খ) সোনারগাঁ

10 MINUTE SCHOOL

২৮. ‘অবমূল্যায়ন’ ও ‘অবদান’ শব্দ দুটিতে ‘অব’ উপসর্গটি সম্পর্কে কোন মন্তব্যটি ঠিক?
(ক) শব্দ দুটিতে উপসর্গটি মোটামুটি একই অর্থে ব্যবহৃত হয়েছে
(খ) শব্দ দুটিতে উপসর্গটি একই অর্থে ব্যবহৃত হয়েছে
(গ) দুটি শব্দে উপসর্গটির অর্থ দু’রকম
(ঘ) দুটি শব্দে উপসর্গটির অর্থ আপাতবিচারে ভিন্ন হলেও আসলে এক
ব্যাখ্যা : ‘অব’ তৎসম উপসর্গ, অবমূল্যায়ন’ শব্দে ‘অব’ নেতিবাচক অর্থে এবং ‘অবদান’ শব্দে ইতিবাচক অর্থে ব্যবহৃত হয়েছে। সুতরাং দেখা যাচ্ছে দুই শব্দে উপসর্গটির অর্থ দুই রকম।
উত্তর- (গ) দুটি শব্দে উপসর্গটির অর্থ দু’রকম

২৯. “জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি সেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব।” এ উক্তিটি কোন পত্রিকার প্রতি সংখ্যায় লেখা থাকত?
(ক) সওগাত
(খ) মোহাম্মদী
(গ) সমকাল
(ঘ) শিখা
ব্যাখ্যা : ঢাকা মুসলিম সাহিত্য সমাজের মুখপাত্র ছিল ‘শিখা' পত্রিকা। এ পত্রিকার সম্পাদক ছিলেন আবুল হোসেন । এটি একটি মুক্তবুদ্ধির দৈনিক-যার প্রত্যেক সংখ্যার আলোচ্য উক্তিটি লেখা থাকত । এটি প্রকাশিত হয় ১৯২৭ সালে।
উত্তর- (ঘ) শিখা

10 MINUTE SCHOOL

৩০. একজন দোকানদার ৭১২ % ক্ষতিতে একটি দ্রব্য বিক্রয় করল । যদি দ্রব্যটির ক্রয়মূল্য ১০% কম হতো এবং বিক্রয়মূল্য ৩১ টাকা বেশি হতো, তাহলে তার ২০% লাভ হতো । দ্রব্যটির ক্রয়মূল্য কত?
(ক) ১০০ টাকা
(খ) ২০০ টাকা
(গ) ৩০০ টাকা
(ঘ) ৪০০ টাকা
উত্তর- (খ) ২০০ টাকা

৩১. দু’ব্যক্তি একত্রে একটি কাজ ৮ দিনে করতে পারে। প্রথম ব্যক্তি একাকী কাজটি ১২ দিনে করতে পারে । দ্বিতীয় ব্যক্তি একাকী কাজটি কত দিনে করতে পারবে?
(ক) ২০ দিনে
(খ) ২২ দিনে
(গ) ২৪ দিনে
(ঘ) ২৬ দিনে
ব্যাখ্যা : ১ম ব্যক্তি ১২ দিনে করে সমস্ত অংশ
∴ ” ৮ ” ” ৮১২ ” = ২৩
উত্তর- (গ) ২৪ দিনে

∴ ২য় ব্যক্তি ৮ দিনে করে (১ - ২৩ ) = ১৩ অংশ

∴     ” সমস্ত অংশ কাজ করে ৮ × ৩ = ২৪ দিনে

৩২. ৫০০ টাকার ৪ বছরের সুদ এবং ৬০০ টাকার ৫ বছরের সুদ একত্রে ৫০০ টাকা হলে সুদের হার কত?
(ক) ৫০০ টাকার ৪ বছরের সুদ এবং ৬০০ টাকার ৫ বছরের সুদ একত্রে ৫০০ টাকা হলে সুদের হার কত?
(খ) ৬%
(গ) ১০%
(ঘ) ১২%

ব্যাখ্যা : ৫০০ টাকার ৪ বছরের সুদ = ২০০০ টাকার ১ বছরের সুদ
এবং ৬০০ টাকার ৫ বছরের সুদ = ৩,০০০ টাকার ১ বছরের সুদ।
∴ ২০০০ + ৩০০০ = ৫০০০ টাকার ১ বছরের সুদ ৫০০ টাকা ।
∴ ১০০ টাকার ১ বছরের সুদ ৫০০ ১০০৫০০০  টাকা = ১০ টাকা
উত্তর- (গ) ১০%

৩৩. কোন লঘিষ্ঠ সংখ্যার সাথে ৩ যোগ করলে যোগফল ২৪, ৩৬ এবং ৪৮ দ্বারা বিভাজ্য হবে?
(ক) ৮৯
(খ) ১৪১
(গ) ২৪৮
(ঘ) ১৭০
ব্যাখ্যা : ২৪, ৩৬ ও ৪৮ এর ল.সা.গু = ১৪৪
∴ নির্ণেয় লঘিষ্ঠ সংখ্যা = ১৪৪ – ৩ = ১৪১
উত্তর- (খ) ১৪১

৩৪. নিম্নলিখিত চারটি সংখ্যার মধ্যে কোনটির ভাজক সংখ্যা বিজোড়?
(ক) ২০৪৮
(খ) ৫১২
(গ) ১০২৪
(ঘ) ৪৮
ব্যাখ্যা : কোন সংখ্যার অংকগুলোর সমষ্টি তিন দ্বারা বিভাজ্য হলে সংখ্যাটির ভাজক সংখ্যা বিজোড়। উল্লেখিত সংখ্যাগুলোর মধ্যে ৪৮ সংখ্যাটির অংক সমষ্টি = ৪ + ৮ = ১২ যা ৩ দ্বারা বিভাজ্য।
উত্তর- (গ) ১০২৪

৩৫. জর্ডান ও ইসরাইলের মধ্যে ৪৬ বছরের যুদ্ধাবস্থার আনুষ্ঠানিক অবসানের লক্ষ্যে কবে জর্ডানের বাদশাহ হোসেন এবং ইসরাইলের প্রধানমন্ত্রী আইজ্যাক রবিন একটি ঐতিহাসিক ঘোষণা স্বাক্ষর করেন?
(ক) ২৪ জুলাই, ১৯৯৪
(খ) ২৫ জুলাই, ১৯৯৪

10 MINUTE SCHOOL

(গ) ২৬ অক্টোবর, ১৯৯৪
(ঘ) ২৭ জুলাই, ১৯৯৪
উত্তর- (গ) ২৬ অক্টোবর, ১৯৯৪

৩৬. বি - ৫২ কি?
(ক) এক ধরনের যাত্রীবাহী বিমান
(খ) এক বিশেষ ধরনের হেলিকপ্টার
(গ) এক ধরনের বোমারু বিমান
(ঘ) ভূমি হতে শূন্যে নিক্ষেপণযোগ্য এক ধরনের ক্ষেপণাস্ত্র
ব্যাখ্যা : এটি বৃহদাকার বোমারু বিমান। বিমানটি ভিতরে ৮টি ও ডানায় ২২টি ক্রুজ ক্ষেপণাস্ত্র নিয়ে উড়তে পারে। এর প্রস্তুতকারী দেশ যুক্তরাষ্ট্র
উত্তর- (গ) এক ধরনের বোমারু বিমান

৩৭. 'Straw vote' বলতে কি বোঝায়?
(ক) Unofficial poll of public opinion
(খ) Poll based on random representations
(গ) 'Yes-No' vote
(ঘ) Manipulated elections
উত্তর- (ক) Unofficial poll of public opinion

৩৮. 'Rotary International' কবে প্রতিষ্ঠিত হয়?
(ক) ১৯০৩ সালে
(খ) ১৯০৫ সালে
(গ) ১৯০৯ সালে
(ঘ) ১৯১২ সালে
ব্যাখ্যা : রোটারী ইন্টারন্যাশনাল বিশ্বের বিভিন্ন দেশের বুদ্ধিজীবী ও ধনী ব্যবসায়ীদের সহযোগিতা ও স্বার্থ সংস্থানের লক্ষ্যে ১৯০৫ সালে প্রতিষ্ঠিত হয় । প্রতিষ্ঠাতা পল পি হ্যারিস। সদর দপ্তর শিকাগো যুক্তরাষ্ট্র ।
উত্তর- (খ) ১৯০৫ সালে

৩৯. বার্লিনের দেওয়াল কোন সালে নির্মিত হয়েছিল?
(ক) ১৯৪৬
(খ) ১৯৪৮
(গ) ১৯৬১
(ঘ) ১৯৬২
ব্যাখ্যা : দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ১৯৪৯ সালে আনুষ্ঠানিকভাবে দুই জার্মানির প্রকাশ ঘটে । ১৯৬১ সালে দুই জার্মানিকে বিভক্তকারী দেয়াল নির্মাণ করা হয়। সোভিয়েত সরকারের অর্থ সহায়তায় পূর্ব জার্মানি সরকার এ দেয়াল নির্মাণ করেন। এর উচ্চতা ১০ ফুট। পরে ১৯৯০ সালে দুই জার্মানি একীভূত হওয়ার মাধ্যমে এ দেয়াল ভেঙে ফেলা হয় ।
উত্তর- (গ) ১৯৬১

৪০. Which of the following sentences is correct?
(ক) One of my friends are a lawyer
(খ) One of my friends is a lawyer
(গ) One of my friend is a lawyer
(ঘ) One of my friends are lawyers
ব্যাখ্যা : জানা আছে, one of the এর পর সব সময় Plural count noun বসে। কিন্তু one শব্দটির কারণে পরবর্তী verbটি singular হয়ে যায়। কারণ এর অর্থ দাঁড়ায় অনেকের মধ্যে একজন। সে কারণে সঠিক উত্তর ‘খ’।

৪১. The word 'ecological' is related to-
(ক) atmosphere
(খ) pollution
(গ) environment
(ঘ) demography
ব্যাখ্যা : Ecological অর্থ বাস্তুবিদ্যা সংক্রান্ত/পরিবেশ দূষণ সংক্রান্ত। সুতরাং বিষয়টি অবশ্যই পরিবেশের সাথে সম্পৃক্ত। তাই সঠিক উত্তর ‘গ’।
উত্তর- (গ) environment

৪২. The synonym of 'genesis' is -
(ক) introduction
(খ) preface
(গ) beginning
(ঘ) foreword
ব্যাখ্যা : Genesis = সূচনা, প্রারম্ভিক বিন্দু।
কাজেই এর Synonym বা সমার্থক শব্দ হবে beginning তাই সঠিক উত্তর ‘গ’।
উত্তর- (গ) beginning

10 MINUTE SCHOOL

৪৩. The word homogeneous' means-
(ক) of the same kind
(খ) of the same place
(গ) of the same race
(ঘ) of the same density
ব্যাখ্যা : Homogeneous = সমজাতীয়, সমজাতিক, সমমাত্র। কাজেই ‘ক’ তে (of the same kind সমজাতীয়) রয়েছে সঠিক অর্থ।
উত্তর- (ক) of the same kind

৪৪. The word 'imbibe' means —
(ক) to learn
(খ) to tinge
(গ) to drink
(ঘ) to acquire
ব্যাখ্যা : Imbibe = পান করা, শুষে নেয়া, হজম করা। যার ভিন্নরূপ to drink তাই সঠিক উত্তর ‘গ’।
উত্তর- (গ) to drink

৪৫. স্বাধীন বাংলাদেশে ১০০ টাকার নোট কবে প্রথম চালু করা হয়?
(ক) ২৬ মার্চ, ১৯৭২
(খ) ১৬ ডিসেম্বর, ১৯৭২
(গ) ৪ মার্চ, ১৯৭২
(ঘ) ৪ জানুয়ারি, ১৯৭৩
উত্তর- (গ) ৪ মার্চ, ১৯৭২

৪৬. স্বাধীন বাংলাদেশকে কখন মার্কিন যুক্তরাষ্ট্র স্বীকৃতি দান করে?
(ক) ৪ ফেব্রুয়ারি, ১৯৭২
(খ) ২৪ জানুয়ারি, ১৯৭২
(গ) ১৬ ডিসেম্বর, ১৯৭২
(ঘ) ৪ এপ্রিল, ১৯৭২
উত্তর- (ঘ) ৪ এপ্রিল, ১৯৭২

৪৭. বাংলাদেশ জাতীয় সংসদে 'উপজেলা বাতিল' বিলটি কখন পাস করা হয়েছিল?
(ক) ১৯৯২ সালে
(খ) ১৯৯২ সালে
(গ) ১৯৯১ সালে
(ঘ) ১৯৯০ সালে
নোট : ৩০ জুন ২০০৮ সালে রাষ্ট্রপতি স্থানীয় সরকার (উপজেলা পরিষদ) অধ্যাদেশ জারি করে। এ অধ্যাদেশের আলোকেই ২২ জানুয়ারি ২০০৯ সালে তৃতীয় উপজেলা নির্বাচন অনুষ্ঠিত হয়। সর্বশেষ ২০14 সালে উপজেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হয়।
উত্তর- (ক) ১৯৯২ সালে

৪৮. ঢাকা পৌরসভা কোন সালে প্রতিষ্ঠিত হয়েছিল?
(ক) ১৯০৬ সালে
(খ) ১৮৬৪ সালে
(গ) ১৯১৯ সালে
(ঘ) ১৮৪০ সালে
ব্যাখ্যা : ঢাকা পৌরসভা প্রতিষ্ঠিত হয় ১৮৬৪ সালে। এর প্রথম প্রশাসক ছিলেন জেলা প্রশাসক মি, স্ক্যানার এবং প্রথম এদেশীয় চেয়ারম্যান ছিলেন আনন্দ চন্দ্র রায়।
উত্তর- (খ) ১৮৬৪ সালে

৪৯. লালবাগের কেল্লা স্থাপন করেন কে?
(ক) শায়েস্তা খান
(খ) শাহ সুজা
(গ) টিপু সুলতান
(ঘ) ইসলাম খান
ব্যাখ্যা : লালবাগের কেল্লার নির্মাণ কাজ শুরু হয় ১৬৭৮ সালের ২৯ জুলাই। কাজ শুরু করেন যুবরাজ মোহাম্মদ আজম। কিন্তু এক বছর পর তিনি দেশ ত্যাগ করলে বাকী কাজ সমাপ্ত করেন শায়েস্তা খান ও ইব্রাহীম খান ।
উত্তর- (ক) শায়েস্তা খান

10 MINUTE SCHOOL

৫০. আন্তর্জাতিক অর্থ তহবিল (IMF) কবে হতে এর কার্যক্রম শুরু করে?
(ক) ১৯৪৫ সাল হতে
(খ) ১৯৪৬ সাল হতে
(গ) ১৯৪৭ সাল হতে
(ঘ) ১৯৪৮ সাল হতে
ব্যাখ্যা : জুলাই ১৯৪৪ সালে দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালীন মিত্রশক্তির বিটন উডস সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী IMF গঠিত হয়। ২৭ ডিসেম্বর ১৯৪৫ এর কার্যক্রম শুরু হয়। এর সদর দপ্তর ওয়াশিংটন ডিসি।
উত্তর- (গ) ১৯৪৭ সাল হতে

৫১. NATO কবে প্রতিষ্ঠিত হয়?
(ক) ১৯৪৭ সালের ৪ আগস্ট
(খ) ১৯৪৯ সালের ৪ এপ্রিল
(গ) ১৯৫০ সালের ৪ ফেব্রুয়ারি
(ঘ) ১৯৫১ সালের ৪ মে
ব্যাখ্যা : ৪ এপ্রিল ১৯৪৯ সালে পশ্চিম ইউরোপের ১০টি দেশ এবং যুক্তরাষ্ট্র ও কানাডার মধ্যে এক চুক্তির মাধ্যমে NATO জোটের জন্ম । ধনতান্ত্রিক দেশের একটি সামরিক জোট। পূর্ব ইউরোপের ১০টি কমিউনিস্ট দেশ এর সাথে যোগ দেওয়ায় বর্তমানে এর সদস্য ২৯টি দেশ। সদর দপ্তর ব্রাসেলস ।
উত্তর- (খ) ১৯৪৯ সালের ৪ এপ্রিল

৫২. ইয়াল্টা কনফারেন্স কবে অনুষ্ঠিত হয়?
(ক) ১৯৩৩
(খ) ১৯৪৩
(গ) ১৯৪৫
(ঘ) ১৯৪৭
ব্যাখ্যা : ১৯৪৫ সালের ফেব্রুয়ারি মাসে সোভিয়েত ইউনিয়নের ক্রিমিয়ার ইয়াল্টা শহরে এ সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে তৎকালীন রুশ নেতা স্টালিন মার্কিন প্রেসিডেন্ট রুজভেল্ট ও ব্রিটিশ নেতা চার্চিল যোগদান করেন। এতে নিরাপত্তা পরিষদের গঠন, ভোট দান পদ্ধতি ও ভেটো ক্ষমতা প্রয়োগের ব্যাপারে আলোচনা হয়। সর্বশেষ ১৪তম ইয়াল্টা কনফারেন্স ১-৩ জুন ২০১৭ সালে ফ্রান্সে অনুষ্ঠিত হয় ।
উত্তর- (গ) ১৯৪৫

৫৩. ধূমকেতু শুমেকার লেভী ৯ -এর প্রথম ভাঙ্গা টুকরোটি কবে বৃহস্পতি গ্রহে আঘাত হানে?
(ক) ১৫ জুলাই, ১৯৯৪
(খ) ১৬ জুলাই, ১৯৯৪
(গ) ১৭ জুলাই, ১৯৯৪
(ঘ) ১৮ জুলাই, ১৯৯৪
উত্তর- (খ) ১৬ জুলাই, ১৯৯৪

৫৪. ১৯৯৪-এর নববর্ষের দিনে কার নেতৃত্বাধীন বাহিনী কাবুল শহর আক্রমণ করে?
(ক) নজিবুল্লাহ
(খ) আহমেদ শাহ মাসুদ
(গ) আবদুর রশীদ দোস্তাম
(ঘ) গুলবুদ্দীনে হেকমতিয়া
উত্তর- (গ) আবদুর রশীদ দোস্তাম

10 MINUTE SCHOOL

৫৫. Something which is obnoxious means that it is-
(ক) very dangerous
(খ) very pleasant
(গ) very ugly
(ঘ) very unpleasant
ব্যাখ্যা : obnoxious = আপত্তিকর, নোংরা, অস্বস্তিকর। কাজেই 'ঘ' (Very unpleasant= অসুখকর, অস্বস্তিকর।) হচ্ছে সঠিক উত্তর।
উত্তর- (ঘ) very unpleasant

৫৬. A pilgrim is a person who undertakes a journey to a-
(ক) holy place
(খ) a mosque
(গ) a bazar
(ঘ) a new country
ব্যাখ্যা : Pilgrim = তীর্থযাত্রী, পূর্ণভূমিতে যাত্রাকারী। সুতরাং সঠিক উত্তর 'ক'। (holy place – পূর্ণস্থান)
উত্তর- (ক) holy place

৫৭. Shakespear is known mestly for his -
(ক) poetry
(খ) novels
(গ) autobiography
(ঘ) plays
উত্তর- (ঘ) plays

৫৮. A person who writes about his own life writes-
(ক) a chronicle
(খ) an autobiography
(গ) a diary
(ঘ) a biography
ব্যাখ্যা : 'ক' তে আছে chronicle কালানুক্রমিক ঘটনাপঞ্জি ।
'খ' তে আছে autobiography = আত্মজীবনী ।
'গ' তে আছে diary = দিনপঞ্জী ।
'ঘ' তে আছে biography = জীবন ইতিহাস, বিভিন্ন ব্যক্তির জীবন কথা বিষয়ক সাহিত্যকর্ম।
কাজেই প্রশ্নে প্রদত্ত 'Own life' বা নিজ জীবন নিয়ে যা লেখা হয় তা অবশ্যই আত্মজীবনী ।
তাই সঠিক উত্তর 'খ'।
উত্তর- (খ) an autobiography

৫৯. In which century was the Victorian period?
(ক) 17th century
(খ) 18th century
(গ) 19th century
(ঘ) 20th century
ব্যাখ্যা : Victorian period বলতে ১৯ শতকের সমকালীন সময়কে বোঝানো হয় । তাই সঠিক উত্তর 'গ'।
উত্তর- (গ) 19th century

10 MINUTE SCHOOL

৬০. কবি কাজী নজরুল ইসলাম ‘সঞ্চিতা’ কাব্যটি কাকে উৎসর্গ করেছিলেন?
(ক) বারীন্দ্রকুমার ঘোষ
(খ) রবীন্দ্রনাথ ঠাকুর
(গ) বীরজাসুন্দরী দেবী
(ঘ) মুজাফফর আহমদ
ব্যাখ্যা : কাজী নজরুল ইসলাম (১৮৯৯-১৯৭৬) তাঁর ‘সঞ্চিতা’ কাব্যগ্রন্থটি রবীন্দ্রনাথ ঠাকুরকে উৎসর্গ করেন। অপরদিকে রবীন্দ্রনাথ তার ‘বসন্ত’ নাটকটি নজরুল ইসলামকে উৎসর্গ করেন ।
উত্তর- (খ) রবীন্দ্রনাথ ঠাকুর

৬১. কোন উপন্যাসটির রচয়িতা রবীন্দ্রনাথ?
(ক) বিষবৃক্ষ
(খ) গণদেবতা
(গ) আরণ্যক
(ঘ) ঘরে-বাইরে
ব্যাখ্যা : বিষবৃক্ষ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (১৮৩৮-১৮৯৪) রচিত উপন্যাস। ‘গণদেবতা’ তারা শঙ্কর (১৮৯১-১৯৭১) রচিত উপন্যাস। ‘আরণ্যক’ বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় (১৮৯৪-১৯৫০) রচিত উপন্যাস। ‘ঘরে বাইরে’ রবীন্দ্রনাথ ঠাকুর (১৮৬১-১৯৪১) রচিত উপন্যাস।
উত্তর- (ঘ) ঘরে-বাইরে

৬২. ‘একুশে ফেব্রুয়ারি’ গ্রন্থের সম্পাদক কে ছিলেন?
(ক) হাসান হাফিজুর রহমান
(খ) বেগম সুফিয়া কামাল
(গ) মুনীর চৌধুরী
(ঘ) আবুল বরকত
উত্তর- (ক) হাসান হাফিজুর রহমান

৬৩. ‘রোহিনী’ চরিত্রটি কোন উপন্যাসে পাওয়া যায়?
(ক) চরিত্রহীন
(খ) গৃহদাহ
(গ) কৃষ্ণকান্তের উইল
(ঘ) সংশপ্তক
ব্যাখ্যা : চরিত্রহীন উপন্যাসের প্রধান চরিত্র- সতীশ, কিরণময়ী, সাবিত্রী। গৃহদাহ উপন্যাসের প্রধান চরিত্র সুরেশ, মহিম, অচলা। কৃষ্ণকান্তের উইল উপন্যাসের প্রধান চরিত্র-রোহিনী, ভ্রমর, গোবিন্দ লাল এবং সংশপ্তক উপন্যাসের প্রধান চরিত্র রমজান, হুরমতি, লেকু । সুতরাং রোহিনী কৃষ্ণকান্তের উইল উপন্যাসের চরিত্র।
উত্তর- (গ) কৃষ্ণকান্তের উইল

৬৪. বাংলাদেশের জাতীয় সঙ্গীতে কোন বিষয়টি প্রধান ভাবে আছে?
(ক) বাংলার প্রকৃতির কথা
(খ) বাংলার মানুষের কথা
(গ) বাংলার ইতিহাসের কথা
(ঘ) বাংলার সংস্কৃতির কথা

10 MINUTE SCHOOL

ব্যাখ্যা : বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত ‘আমার সোনার বাংলা’ গানটির প্রথম দশ চরণ আমাদের জাতীয় সঙ্গীত হিসেবে গৃহীত। গানটি পূর্ব পশ্চিম বাংলাকে একীভূত করার প্রতীক হিসেবে রচিত হয়েছিল। এতে বাংলার প্রকৃতির কথা প্রবলভাবে ফুটে উঠেছে। রবীন্দ্রনাথ নিজে এর সুরকার।
উত্তর- (ক) বাংলার প্রকৃতির কথা

৬৫. চতুর্ভুজের চার কোণের অনুপাত ১ : ২ : ৩ হলে বৃহত্তম কোণের পরিমাণ হবে-
(ক) ১০০
(খ) ১১৫
(গ) ১৩৫
(ঘ) ২২৫
যুক্তি :
অনুপাত সমষ্টি = ১ + ২ + ২ + ৩ = ৮
চতুর্ভুজের চার কোণের সমষ্টি = ৩৬০
∴ বৃহত্তম কোণ = ৩৬০ এর ৩৮ = ১৩৫
উত্তর- (গ) ১৩৫

৬৬. দুটি ত্রিভুজের মধ্যে কোন উপাদানগুলো সমান হওয়া সত্ত্বেও ত্রিভুজ দুটি সর্বসম নাও হতে পারে?
(ক) দুই বাহু ও অন্তর্ভুক্ত কোণ
(খ) দুই কোণ ও এক বাহু
(গ) তিন কোণ
(ঘ) তিন বাহু
ব্যাখ্যা : দুটি ত্রিভুজের সর্বসম হবার শর্তের ভিতর তিনটি কোণ সমান হবার শর্ত নেই। তিন কোণ সমান হলে ত্রিভুজ দুটি হবে সদৃশ্য কোনী।
উত্তর- (গ) তিন কোণ

৬৭. a : b = 4 : 7 এবং b : c = 5 : 6 হলে a : b : c = কত?
(ক) 4 : 7 : 6
(খ) 20 : 35 : 24
(গ) 20 : 35 : 42
(ঘ) 24 : 35 : 30
ব্যাখ্যা :
a : b = 4 : 7
= 4 × 5 = 7 × 5
= 20 : 35
b : c = 5 : 6
= 5 × 7 : 6 × 7
= 35 : 42
∴ a : b : c = 20 : 35 : 42.
উত্তর- (গ) 20 : 35 : 42

৬৮. a2+ b2-c2+2aba2- b2+c2+2ac = কত?
(ক) a + b + c
(খ) a+b-ca-b+c
(গ) a-b+ca+b-c

(ঘ)  a+b-ca+b+c
যুক্তি :
 a2+ b2-c2+2aba2- b2+c2+2ac = (a+b)2- c2(a+c)2+b2

=(a+b+c)(a+b-)(a+b+c)(a-b+c) = a+b-ca-b+c
উত্তর- (খ)  a+b-ca-b+c

৬৯. a + b + c = 9 , a2 + b2 + c2 = 29 হলে ab + bc + ca এর মান কত?
(ক) 52
(খ) 46
(গ) 26
(ঘ) 22
ব্যাখ্যা :  জানা আছে,
ab + bc + ca = a+b+c2-a2+b2+c22
 = 92-29 2  = 81-292
= 26
উত্তর- (গ) 26

৭০. বাংলাদেশের উত্তরে অবস্থিত-
(ক) নেপাল ও ভুটান
(খ) পশ্চিমবঙ্গ, মেঘালয় ও আসাম
(গ) পশ্চিমবঙ্গ ও কুচবিহার
(ঘ) পশ্চিমবঙ্গ ও আসাম
ব্যাখ্যা : বাংলাদেশের উত্তরে ভারতের পশ্চিমবঙ্গ, মেঘালয় ও আসাম। পূর্বে আসাম, ত্রিপুরা ও মিজোরাম এবং পশ্চিমে পশ্চিমবঙ্গ অবস্থিত।
উত্তর- (খ) পশ্চিমবঙ্গ, মেঘালয় ও আসাম

৭১. উপমহাদেশের সর্বশেষ গভর্নর জেনারেল কে ছিলেন?
(ক) লর্ড মিন্টো
(খ) লর্ড কার্জন
(গ) লর্ড মাউন্টব্যাটেন
(ঘ) লর্ড ওয়াভেল
ব্যাখ্যা : উপমহাদেশের সর্বশেষ গভর্নর জেনারেল ছিলেন লর্ড মাউন্টব্যাটেন। তার কর্মতৎপরতায় অত্যন্ত দ্রুত ভারতবর্ষে সার্বভৌম ক্ষমতা হস্তান্তর করা হয়।
উত্তর- (গ) লর্ড মাউন্টব্যাটেন

৭২. অভ্যন্তরীণ কন্টেইনার ডিপো কোথায় অবস্থিত?
(ক) চট্টগ্রাম
(খ) ঢাকা
(গ) মংলা
(ঘ) খুলনা
[নোট- সর্বশেষ ঢাকার কেরানীগঞ্জের পানগাঁও-এ একটি অভ্যন্তরীণ কন্টেইনার ডিপো স্থাপিত হয়।]
 উত্তর- (খ) ঢাকা

৭৩. জাতিসংঘের জনসংখ্যা সংক্রান্ত ১৯৯৪ সালের রিপোর্ট অনুযায়ী জনসংখ্যার দিক দিয়ে বাংলাদেশের স্থান-
(ক) সপ্তম
(খ) অষ্টম
(গ) নবম
(ঘ) দশম
ব্যাখ্যা : জাতিসংঘের জনসংখ্যা বিষয়ক ১৯৯৪ সালের রিপোর্ট মতে জনসংখ্যার দিক দিয়ে বাংলাদেশের অবস্থান ৯ম।
নোট: বিশ্ব জনসংখ্যা রিপোর্ট ২০১৭-এর তথ্য মতে, জনসংখ্যার দিক থেকে বাংলাদেশের অবস্থান ৮ম। জনসংখ্যা ১৬ কোটি ৪৭ লাখ, বৃদ্ধির হার ১.১%।
উত্তর- (গ) নবম

৭৪. কর্কটক্রান্তি রেখা-
(ক) বাংলাদেশের উত্তর সীমান্ত দিয়ে গিয়েছে
(খ) বাংলাদেশের দক্ষিণ সীমান্ত দিয়ে গিয়েছে
(গ) বাংলাদেশের মধ্যখান দিয়ে গিয়েছে
(ঘ) বাংলাদেশ হতে অনেক দূরে অবস্থিত
উত্তর- (গ) বাংলাদেশের মধ্যখান দিয়ে গিয়েছে

৭৫. পানির জীব হয়েও বাতাসে নিশ্বাস নেয়
(ক) পটকা মাছ
(খ) হাঙ্গর
(গ) শুশুক
(ঘ) জেলী ফিস
উত্তর- (গ) শুশুক

10 MINUTE SCHOOL

৭৬. পীট কয়লার বৈশিষ্ট্য হলো-
(ক) মাটির অনেক গভীরে থাকে
(খ) ভিজা ও নরম
(গ) পাহাড়ি এলাকায় পাওয়া যায়
(ঘ) দহন ক্ষমতা কয়লার তুলনায় অধিক
উত্তর- (খ) ভিজা ও নরম

৭৭. আধুনিক মুদ্রণ ব্যবস্থায় ধাতুনির্মিত অক্ষরের প্রয়োজন ফুরাবার বড় কারণ-
(ক) কম্পিউটার
(খ) অফসেট পদ্ধতি
(গ) ফটো লিথোগ্রাফি
(ঘ) প্রসেস ক্যামেরা
উত্তর- (গ) ফটো লিথোগ্রাফি

৭৮. ডিজিটাল টেলিফোনের প্রধান বৈশিষ্ট্য-
(ক) ডিজিটাল সিগন্যালে বার্তা প্রেরণ
(খ) বোতাম টিপে ডায়াল করা
(গ) অপটিক্যাল ফাইবারের ব্যবহার

(ঘ) নতুন ধরনের মাইক্রোফোন
উত্তর- (ক) ডিজিটাল সিগন্যালে বার্তা প্রেরণ

৭৯. আবহাওয়ায় ৯০% আর্দ্রতা মানে-
(ক) বৃষ্টিপাতের সম্ভাবনা ৯০%
(খ) ১০০ ভাগ বাতাসে ৯০ ভাগ জলীয়বাষ্প
(গ) বাতাসে জলীয়বাষ্পের পরিমাণ সম্পৃক্ত অবস্থায় ৯০%
(ঘ) বাতাসে জলীয়বাষ্পের পরিমাণ বৃষ্টিপাতের সময়ের ৯০%
ব্যাখ্যা : আপেক্ষিক আর্দ্রতা হচ্ছে কোন এলাকার বায়ুমণ্ডলের প্রকৃতপক্ষে কতখানি জলীয় বাষ্প থাকতে পারে এবং বর্তমানে যতখানি জলীয় বাষ্প আছে তাদের অনুপাত, ৯০% জলীয় আর্দ্রতা বলতে বুঝায় বায়ুতে ধারন ক্ষমতা ৯০% জলীয়বাষ্প আছে এবং এটাই বায়ুর সম্পৃক্ত অবস্থা।
উত্তর- (গ) বাতাসে জলীয়বাষ্পের পরিমাণ সম্পৃক্ত অবস্থায় ৯০%

৮০. ১৯৯৩ সালের ডিসেম্বরে অনুষ্ঠিত রাশিয়ার পার্লামেন্টের নির্বাচনে কোন রাজনৈতিক দলটি সংখ্যাগরিষ্ঠ দল হিসেবে আত্মপ্রকাশ করে?
(ক) রাশিয়া’স চয়েস
(খ) লিবারেল ডেমোক্রেটিক পার্টি
(গ) স্যোশ্যাল ডেমোক্রেটিক পার্টি
(ঘ) দ্য কমিউনিস্ট পার্টি
[নোট- রাশিয়ার বর্তমান প্রেসিডেন্ট ভাদিমির পুতিন (৭ মে ২০১২) এবং প্রধানমন্ত্রী দিমিত্রি মেদভেদেভ (৮ মে ২০১২)। (রাজনৈতিক দল ইউনাইটেড রাশিয়া)]
উত্তর- (খ) লিবারেল ডেমোক্রেটিক পার্টি

৮১. ১৯৯৪ সালের বিশ্বকাপ ফুটবলে সর্বোচ্চ গোলদাতা কারা?
(ক) স্টইচকভ ও রোবের্তো
(খ) সালেনকো ও আর্ডেসন
(গ) সালেনকো ও স্টইচকভ
(ঘ) আর্ডেসন ও রোবের্তো
[নোট- ২০১৪ সালে সর্বোচ্চ গোলদাতা কলম্বিয়ার হামেস রদ্রিগুয়েজ (৬টি); ২১তম বিশ্বকাপ ফুটবল ২০১৮ সালে চ্যাম্পিয়ন- ফ্রান্স এবং রানার্সআপ- ক্রোয়েশিয়া। সর্বোচ্চ গোলদাতা হ্যারি কেন (ইংল্যান্ড), বিশ্বকাপ ফুটবলের ২২তম আসর ২০২২ সালে অনুষ্ঠিত হবে কাতার।]

উত্তর- (গ) সালেনকো ও স্টইচকভ

৮২. ১৯৬৫ সালের আগে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের সদস্যসংখ্যা কত ছিল?
(ক) ১৫টি
(খ) ৬টি
(গ) ১১টি
(ঘ) ১০টি

10 MINUTE SCHOOL

ব্যাখ্যা : ১৯৬৫ সালের আগে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের সদস্য স্থায়ী ৫ জন অস্থায়ী ৬ জনসহ মোট ছিল ১১। ১৯৬৩ সালে সনদের ২৩নং ধারার সংশোধন করে অস্থায়ী সদস্য ১০ এ উন্নীত করা হয়। ১৯৬৫ সালে এ সংশোধনী কার্যকর হয়।
উত্তর- (গ) ১১টি

৮৩. গাম্বিয়ার সেনাবাহিনী অভ্যুত্থানের মাধ্যমে কবে দেশের ক্ষমতা দখল করে?
(ক) ২১ জুলাই, ১৯৯৪
(খ) ২২ জুলাই, ১৯৯৪
(গ) ২৩ জুলাই, ১৯৯৪
(ঘ) ২৪ জুলাই, ১৯৯৪
নোট: গাম্বিয়ার বর্তমান প্রধানমন্ত্রী- ইয়াহিয়া জাম্বিহা (২০১৬- বর্তমান)।
উত্তর- (খ) ২২ জুলাই, ১৯৯৪

৮৪. নাইজেরিয়ার বিরোধী নেতা মাসুদ আবিওলা কবে নিজেকে নাইজেরিয়ার প্রেসিডেন্ট বলে ঘোষণা করেন?
(ক) ৭ জুন, ১৯৯৪
(খ) ১১ জুন, ১৯৯৪
(গ) ১ জুলাই, ১৯৯৪
(ঘ) ১২ জুলাই, ১৯৯৪
ব্যাখ্যা : জেনারেল সানি আবাচা ১৯৯৩ সালের ১৭ নভেম্বর নাইজেরিয়ার ক্ষমতা দখল করেন। ১৯৯৪ সালের ৭ জুন বিরোধী নেতা মাসুদ আবিওলা এক বিশাল জনসভায় সানি আবাচাকে অস্বীকার করে নিজেকে প্রেসিডেন্ট বলে ঘোষণা করেন। পরে তিনি গ্রেপ্তার হন ও তাকে জেলে প্রেরণ করা হয় একই বছরে। নাইজেরিয়ার বর্তমান প্রেসিডেন্ট মেজর জেনারেল মোহাম্মাদু বুহারী (২৯ মে ২০১৫-বর্তমান)।
উত্তর- (ক) ৭ জুন, ১৯৯৪

10 MINUTE SCHOOL

৮৫. ১৪ ডিসেম্বর, ১৯৯৩ তারিখে শহীদ বুদ্ধিজীবীদের স্মৃতিকে স্মরণীয় করে রাখবার জন্য ঢাকার মোট কতগুলো সড়কের নামকরণ করা হয়?
(ক) ৪টি
(খ) ৫টি
(গ) ৬টি
(ঘ) ৭টি
ব্যাখ্যা : শহীদ বুদ্ধিজীবীদের স্মরণীয় করে রাখার জন্য ১৯৯৩ সালের বুদ্ধিজীবী দিবসে দেশের ৫টি সড়কের নাম করা হয়। এছাড়া এদের স্মৃতির উদ্দেশ্যে মিরপুরে বুদ্ধিজীবী স্মৃতিসৌধ নির্মাণ করা হয়েছে।
উত্তর- (খ) ৫টি

৮৬. বাংলাদেশের ১৯৯৪-৯৫ সালের বাজেটে শিক্ষাখাতে বরাদ্দের পরিমাণ কত?
(ক) ১,৮২৪ কোটি টাকা
(খ) ১,৮৪২ কোটি টাকা
(গ) ১,৮৭৬ কোটি টাকা
(ঘ) ১,৮৬৭ কোটি টাকা
নোট : ২০১৮-১৯ অর্থ বছরে শিক্ষা ও প্রযুক্তি খাতে বাজেট ৬৭ হাজার ৯৪৪ কোটি টাকা। যা মোট বাজেটের ১৪.৬ শতাংশ।

উত্তর- গ) ১,৮৭৬ কোটি টাকা

৮৭. বাংলাদেশের দীর্ঘতম রেল সেতু
(ক) ভৈরব সেতু
(খ) হার্ডিঞ্জ সেতু
(গ) ব্রহ্মপুত্র সেতু
(ঘ) তিস্তা সেতু
ব্যাখ্যা : বঙ্গবন্ধু যমুনা সেতুর উপর দিয়ে রেল লাইন চালু হওয়ায় বর্তমানে দীর্ঘতম রেল সেতু যমুনা সেতু কিন্তু একক হিসেবে দীর্ঘতম রেল সেতু হার্ডিঞ্জ ব্রীজ। করে পদ্মা সেতু চালু হলে তখন পদ্মা রেল সেতু হবে।
উত্তর- (খ) হার্ডিঞ্জ সেতু

৮৮. চাকমা শরণার্থীদের দ্বিতীয় দফার প্রথম দিন অর্থাৎ ২১ জুলাই, ১৯৯৪ তারিখে কত জন বাংলাদেশে প্রত্যাবর্তন করেন?
(ক) ৩৮৭ জন
(খ) ৩৭৫ জন
(গ) ৩৫৭ জন
(ঘ) ৩৭৮ জন
উত্তর- (খ) ৩৭৫ জন

৮৯. জীবনানন্দ দাশের জন্মস্থান কোন জেলায়?
(ক) বরিশাল জেলা
(খ) ফরিদপুর জেলা
(গ) ঢাকা জেলা
(ঘ) রাজশাহী জেলা
ব্যাখ্যা : জীবনানন্দ দাশের জন্মস্থান বরিশাল জেলায়। পরবর্তীতে তিনি কলকাতায় শিক্ষা ও কর্মজীবন অতিবাহিত করেন। জসীমউদ্দীনের জন্মস্থান ফরিদপুর জেলায় এবং শামসুর রাহমানের জন্মস্থান ঢাকা জেলায়।
উত্তর- (ক) বরিশাল জেলা

৯০. The antonym of ‘indifference’ is-
(ক) ardour
(খ) compassion
(গ) anxiety
(ঘ) concern
ব্যাখ্যা : Indifference = অনীহা, নিস্পৃহা, উদাসীনতা।
‘ক’ তে ardour = উৎসাহ, ব্যাকুলতা, আবেগ, স্পৃহা। ‘খ’ তে compassion = করুণা, সমবেদনা। ‘গ’ তে anxiety = উদ্বেগ, উৎকণ্ঠা। ‘ঘ’ তে concern = সম্পৃক্ততা। কাজেই অর্থগত দিক হতে বিপরীতধর্মী বলে সঠিক উত্তর ‘ক’।
উত্তর- (ক) ardour

৯১. Three score is-
(ক) thirty times
(খ) three hundred times
(গ) three times twenty
(ঘ) more than three

ব্যাখ্যা : Three Score = ষাট, ৬০। এখানে 'ক' thirty times three hundred times = ৩০০ গুণ। 'গ' three times twenty (২০ +২০ + ২০) 'ঘ' more than three = ৩ এর অধিক। এখন, ২০ + ২০ + ২০ = ৬০ বলে সঠিক উত্তর 'গ'।
উত্তর- ঘ) more than three

৯২. An Ordinance is-
(ক) a book
(খ) an arms factory
(গ) a newspaper journal
(ঘ) a law
ব্যাখ্যা : Ordinance = অধ্যাদেশ, বিশেষ ক্ষমতা বলে প্রণীত আইন। কাজেই তা 'ঘ' এর 'law' বা আইন এর সমার্থক। তাই সঠিক উত্তর 'ঘ'।
উত্তর- (ঘ) a law

৯৩. A fantasy is-
(ক) an imaginary story
(খ) a history record
(গ) a funny film
(ঘ) a real-life event
ব্যাখ্যা : Fantasy = অলীক, অবাস্তব, কাল্পনিক গল্প। কাজেই তা 'ক' এর an imaginary story-এর সমার্থক। কারণ imaginary = কাল্পনিক। সুতরাং তাই সঠিক উত্তর 'ক'।
উত্তর- (ক) an imaginary story

৯৪. Something that is 'fresh' is something-
(ক) recently printed or published
(খ) in fairly good condition
(গ) disrespectful
(ঘ) pleasant
ব্যাখ্যা : Fresh = টাটকা, তাজা, ভালো অবস্থা সমৃদ্ধ অর্থাৎ পচা বা পুরানো নয়। এখন 'খ' এর in fairly good condition বলতেও বেশ ভালো অবস্থাকেই বোঝায়। সুতরাং সঠিক উত্তর 'খ'।
উত্তর- (খ) in fairly good condition

৯৫. 'মানুষেরই মাঝে স্বর্গ-নরক, মানুষেতে সুরাসুর'-এ পংক্তিটি কার রচনা?
(ক) রবীন্দ্রনাথ ঠাকুর
(খ) কাজী নজরুল ইসলাম
(গ) শেখ ফজলুল করিম
(ঘ) শামসুর রাহমান
ব্যাখ্যা : উক্তিটি শেখ ফজলুল করিম রচিত 'স্বর্গ-নরক' কবিতার চরণ। শেখ ফজলুল করিম রংপুর জেলার অধিবাসী ছিলেন। তিনি 'বাসনা' নামক মাসিক পত্রিকার সম্পাদক ছিলেন।
উত্তর- (গ) শেখ ফজলুল করিম

৯৬. বাংলা একাডেমী কোন বছর প্রতিষ্ঠিত হয়?
(ক) ১৯৫৫ খ্রিস্টাব্দে
(খ) ১৩৫৫ বঙ্গাব্দে

(গ) ১৯৫২ খ্রিস্টাব্দে
(ঘ) ১৩৫২ বঙ্গাব্দে
ব্যাখ্যা : বাংলা একাডেমী ১৯৫৫ সালে প্রতিষ্ঠিত হয় । পূর্বে এ ভবনের নাম ছিল বর্ধমান হাউজ । এ একাডেমী ১৯৬০ সাল থেকে পুরস্কার দেওয়া শুরু করে।
উত্তর- ক) ১৯৫৫ খ্রিস্টাব্দে

৯৭. সাধু ভাষা ও চলিত ভাষার পার্থক্য-
(ক) বাক্যের সরল ও জটিল রূপে
(খ) শব্দের রূপগত ভিন্নতায়
(গ) তৎসম ও অর্ধতৎসম শব্দের ব্যবহারে
(ঘ) ক্রিয়াপদ ও সর্বনাম পদের রূপগত ভিন্নতায়
ব্যাখ্যা : সাধু-ভাষা ও চলিত ভাষার মূল পার্থক্য হলো ক্রিয়াপদ ও সর্বনাম পদের রূপগত ভিন্নতায় । এছাড়া উল্লেখযোগ্য পার্থক্য হলো সাধুভাষা নাটকের সংলাপ ও বক্তৃতায় অনুপযোগী কিন্তু চলিত ভাষা উপযোগী । সাধুভাষা কৃত্রিম ও গুরুগম্ভীর আর চলিত ভাষা স্বাভাবিক সহজ সরল ও প্রাণবন্ত।
উত্তর- (ঘ) ক্রিয়াপদ ও সর্বনাম পদের রূপগত ভিন্নতায়

৯৮. সমগ্র পবিত্র কুরআনের প্রথম বাংলা অনুবাদ কে করেন?
(ক) গোলাম মোস্তফা
(খ) ফররুখ আহমদ
(গ) ভাই গিরীশচন্দ্র সেন
(ঘ) সুনীতিকুমার চট্টোপাধ্যায়
উত্তর- (গ) ভাই গিরীশচন্দ্র সেন

10 MINUTE SCHOOL

৯৯. সমকাল পত্রিকার সম্পাদক কে ছিলেন?
(ক) মোহাম্মদ আকরাম খান
(খ) তফাজ্জল হোসেন
(গ) নাসিরুদ্দিন
(ঘ) সিকান্দার আবু জাফর
ব্যাখ্যা : মোহাম্মদ আকরাম খাঁ সম্পাদিত পত্রিকা হচ্ছে দৈনিক খাদেম, সাপ্তাহিক মোহাম্মদী, দৈনিক আজাদ । তফাজ্জল হোসেন মানিক মিয়া সম্পাদিত পত্রিকা হচ্ছে দৈনিক ইত্তেফাক। মোহাম্মদ নাসির উদ্দীন সম্পাদিত পত্রিকার নাম সওগাত। এবং সিকান্দার আবু জাফর সম্পাদিত পত্রিকার নাম হচ্ছে ‘সমকাল’ এটি ১৯৫৪ সালে প্রকাশিত হয়।
উত্তর- (ঘ) সিকান্দার আবু জাফর

১০০। সওগাত' পত্রিকার সম্পাদক কে ছিলেন?
(ক) কাজী নজরুল ইসলাম
(খ) আবুল কালাম শামসুদ্দীন
(গ) খান মুহাম্মদ মঈনুদ্দিন
(ঘ) মোহাম্মদ নাসিরুদ্দিন
ব্যাখ্যা : কাজী নজরুল ইসলাম সম্পাদিত পত্রিকা হলো-লাঙ্গল, ধূমকেতু এবং নবযুগ। আবুল কালাম শামসুদ্দিন সম্পাদিত পত্রিকা হলো-সাপ্তাহিক খাদেম, মুসলিম জগৎ। খান মোহাম্মদ মুইনউদ্দীন

সম্পাদিত পত্রিকার নাম হলো- সাম্যবাদী এবং মোহাম্মদ নাসির উদ্দীন সম্পাদিত পত্রিকা হলো- ‘সওগাত’।

উত্তর- (ঘ) মোহাম্মদ নাসিরুদ্দিন

10 MINUTE SCHOOL